

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[সম্পূরক শুল্ক]

প্রজ্ঞাপন

তারিখঃ ১৪ আষাঢ়, ১৪২৫ বঙ্গাব্দ / ২৮ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ

এস.আর.ও, নং-২০২-আইন/২০১৮/৮০৫-মুসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, অত্র বিভাগের ২৪ জ্যৈষ্ঠ, ১৪২৫ বঙ্গাব্দ মোতাবেক ০৭ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস.আর.ও নং- ১৭২-আইন/২০১৮/৭৯৫-মুসক এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের টেবিল-২ (উৎপাদন পর্যায়) এর-

(অ) কলাম (১) এর শিরনামা সংখ্যা (Heading No.) ২৪.০২ এবং কলাম (২) এর সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) ২৪০২.২০.০০ ও উহার বিপরীতে কলাম (৩) ও (৪) এর এন্ডিসমূহের পরিবর্তে নিম্নরূপ শিরনামা সংখ্যা, সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড এবং কলাম (৩) ও (৪) এ নিম্নরূপ এন্ডিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

“২৪.০২ ২৪০২.২০.০০ তামাকযুক্ত সিগারেট
(Cigarettes Containing
Tobacco) প্রতি দশ শলাকা
সিগারেটের বিক্রয় মূল্য
প্যাকেটের গায়ে খুচরা
বিক্রয়মূল্য ও সিগারেটের
সংখ্যা সুস্পষ্ট, লক্ষণীয় ও
অনপনীয়ভাবে মুদ্রিত থাকিবার
শর্তে):

| | |
|------------------------|----|
| (১) ৩৫ টাকা ও তদূর্ধ্ব | ৫৫ |
| (২) ৪৮ টাকা ও তদূর্ধ্ব | ৬৫ |
| (৩) ৭৫ টাকা ও তদূর্ধ্ব | ৬৫ |

শর্তঃ গত ২৭/০৬/২০১৮ খ্রিস্টাব্দ তারিখে প্রতি দশ
শলাকার বিদ্যমান ১০১ টাকা ও তদূর্ধ্ব মূল্যমানের সকল

ব্র্যান্ডের সিগারেটের মূল্য ১০৫ টাকা ও তদুর্ধ্ব নির্ধারণ করিতে হইবে”;

(আ) কলাম (১) এর শিরনামা সংখ্যা (Heading No.) ২৪.০৩ এবং উহার বিপরীতে কলাম (২), (৩) এবং (৪) এর এন্ডিসমূহের পরিবর্তে নিম্নরূপ শিরনামা সংখ্যা এবং এন্ডিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

“২৪.০৩ ২৪০৩.৯৯.০০ জর্দা ও গুল ১০০”;

(ই) কলাম (১) এর শিরনামা সংখ্যা (Heading No.) ৩৩.০৪ এবং কলাম (২) এর সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) ৩৩০৪.৯৯.০০ ও উহার বিপরীতে কলাম (৩) ও (৪) এর এন্ডিসমূহের পরিবর্তে নিম্নরূপ শিরনামা সংখ্যা, সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড এবং কলাম (৩) ও (৪) এ নিম্নরূপ এন্ডিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

“৩৩.০৪ ৩৩০৪.৯৯.০০ অন্যান্য ১০”;
(পেট্রোলিয়াম
জেলি ব্যতীত)

(ঈ) কলাম (১) এর শিরনামা সংখ্যা (Heading No.) ৩৩.০৭ এবং উহার বিপরীতে কলাম (২) এ উল্লিখিত সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) ৩৩০৭.২০.০০ এর বিপরীতে কলাম (৩) ও (৪) এ উল্লিখিত এন্ডিসমূহের পরিবর্তে নিম্নরূপ শিরনামা সংখ্যা, সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড এবং কলাম (৩) ও (৪) এ নিম্নরূপ এন্ডিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

“৩৩.০৭ ৩৩০৭.২০.০০ শরীরের দুর্গন্ধ ১৫”;
এবং ঘাম
দূরীকরণে
ব্যবহৃত সামগ্রী

(উ) কলাম (১) এর শিরনামা সংখ্যা (Heading No.) ৮৫.৩৯ এবং কলাম (২) এর সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) ও উহার বিপরীতে কলাম (৩) ও (৪) এর এন্ডিসমূহের পরিবর্তে নিম্নরূপ শিরনামা সংখ্যা, সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড এবং কলাম (৩) ও (৪) এ নিম্নরূপ এন্ডিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

“৮৫.৩৯

সংশ্লিষ্ট
এইচ,এস, কোড

আলট্রা
ভায়োলেট/ইনফ্রা-
রেড ল্যাম্প
ব্যতীত অন্যান্য
ফিলামেন্ট ল্যাম্প

০”।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া, এনডিসি)
সিনিয়র সচিব